



# UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

## ইউনাইটেডপিপল্‌স ডেমোক্রেটিকফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. undfcht@yahoo.com Website: www.undfcht.com

Ref:

Date: ১৯ ফেব্রুয়ারি ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি

চাকমা রাণীর ওপর আঘাত রাজ পরিবার, জাতি ও জনগণের প্রতি চরম অপমান : প্রসিত বিকাশ খীসা

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এর সভাপতি আজ সোমবার, ১৯ ফেব্রুয়ারি ২০১৮ এক বিশেষ বার্তায় চাকমা রাণী যেন যেন-এর প্রতি সংহতি প্রকাশ করে বলেছেন, ‘রাঙামাটির বিলাইছড়িতে ধর্ষণ ও যৌন নির্যাতনের শিকার দুই মারমা তরুণীর ন্যায় বিচারের পক্ষে দাঁড়াতে গিয়ে গত ১৫ ফেব্রুয়ারি ২০১৮ আপনার ওপর যে বর্বরোচিত ও ন্যাক্কারজনক হামলা হয়েছে, তাতে আমরা ইউপিডিএফ পরিবার তথা পার্বত্য চট্টগ্রামের জনগণ অত্যন্ত ব্যথিত, মর্মান্বিত এবং একই সাথে ক্ষুব্ধ।’

‘এই আঘাত কেবল আপনার ওপর নয়, বরং চাকমা রাজ পরিবারসহ পার্বত্য চট্টগ্রামের অন্যান্য রাজ পরিবার এবং সংখ্যালঘু জাতিসমূহের ঐতিহ্য, প্রথা, আমাদের জাতি ও জনগণের ওপর চরম অপমান’ বলে মন্তব্য করে তিনি বলেন, ‘এটা আদৌ বরদাস্ত করার মতো বিষয় নয়।’

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউপিডিএফ।

-----

প্রসিত বিকাশ খীসার বিশেষ বার্তাটি নিচে ছবছ তুলে ধরা হল:

### বিশেষ বার্তা: সংহতি প্রকাশ

ইউনাইটেড পিপল্‌স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

১৯ ফেব্রুয়ারি ২০১৮, সোমবার

প্রিয় চাকমা রাণী যেন যেন,

রাঙামাটির বিলাইছড়িতে ধর্ষণ ও যৌন নির্যাতনের শিকার দুই মারমা তরুণীর ন্যায় বিচারের পক্ষে দাঁড়াতে গিয়ে গত ১৫ ফেব্রুয়ারি ২০১৮ আপনার ওপর যে বর্বরোচিত ও ন্যাক্কারজনক হামলা হয়েছে, তাতে আমরা ইউপিডিএফ পরিবার

তথা পার্বত্য চট্টগ্রামের জনগণ অত্যন্ত ব্যথিত, মর্মান্বিত এবং একই সাথে ক্ষুব্ধ। এই আঘাত কেবল আপনার ওপর নয়, বরং চাকমা রাজ পরিবারসহ পার্বত্য চট্টগ্রামের অন্যান্য রাজ পরিবার এবং সংখ্যালঘু জাতিসমূহের ঐতিহ্য, প্রথা, আমাদের জাতি ও জনগণের ওপর চরম অপমান বলে মনে করি। এটা আদৌ বরদাস্ত করার মতো বিষয় নয়।

তবে হামলা, লাঞ্ছনা ও নির্যাতনের পরও আপনি যেভাবে সাহস, মনোবল, দৃঢ়তা, ঋজুতা ও সংগ্রামী চেতনা বজায় রেখেছেন, তা সত্যিই প্রশংসনীয় এবং নিঃসন্দেহে অনেককে জনগণের ন্যায্য অধিকার প্রতিষ্ঠার সংগ্রামে অনুপ্রাণিত, উৎসাহিত ও উদ্দীপ্ত করে তুলবে। ন্যায়ের পক্ষে আপনার এবং রাজাবাবুর সক্রিয় তৎপরতা নিপীড়িত জনগণকে আশান্ত করবে।

এটা আসলে এক নির্মম ঐতিহাসিক সত্য যে, যুগে যুগে যারাই অধিকারহারা নিপীড়িত নির্যাতিত জনগণের পক্ষে লড়াই করেছে, তাদেরকে নানাভাবে নিপীড়ন ও নিগ্রহের শিকার হতে হয়েছে। তাই চূড়ান্তভাবে জয়লাভ না করা পর্যন্ত আমাদেরকেও যে কঠিন ও কঠোর সংগ্রামের মধ্য দিয়ে যেতে হবে, তা আমরা মেনেই নিয়েছি।

পার্বত্য চট্টগ্রামে নিপীড়নকারী অপশক্তি যতই দোর্দণ্ড প্রতাপ প্রদর্শন করুক, তাদেরকে যতই শক্তিশালী মনে হোক, তারা প্রকৃতপক্ষে তা নয়। কারণ অন্যায়কারীরা মানসিকভাবে দুর্বলই হয়, তারা শেষ পর্যন্ত সত্য ও ন্যায়ের কাছে মাথা তুলে দাঁড়াতে পারে না। তাই তাদের পরাজয় এবং সংগ্রামের নিপীড়িত জনগণের বিজয় অবশ্যম্ভাবী।

বিলাইছড়ির দুই মারমা বোনের ওপর জঘন্য যৌন হামলাসহ নিরীহ জনগণের ওপর প্রতিদিন অকথ্য অত্যাচার দমন পীড়নের মুখে আমাদের কারও নির্বিকার থাকা উচিত নয়। জনগণের অধিকারের সপক্ষে পার্বত্য চট্টগ্রামের রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন তথা সর্বস্তরের জনগণের ঐক্যবদ্ধ আন্দোলন ভিন্ন অন্য কোন বিকল্প নেই।

শেষে আপনাকে এবং সম্মানিত চাকমা রাজাবাবুকে দ্ব্যর্থহীনভাবে বলতে চাই, নিপীড়িত জনগণের পক্ষে আপনারা যে ভূমিকা নিয়েছেন, তার প্রতি আমাদের পার্টির পূর্ণ সমর্থন রয়েছে। আপনাদের আমরা সংগ্রামী অভিযান জানাই।

সংগ্রামী শুভেচ্ছাসহ।

**প্রসিত বিকাশ খীসা**

সভাপতি

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)